উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের জুন/২০২২ (৪১তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ২৬ জুন, ২০২২, সময়: বেলা ১১.৩০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u><br>জাতীয় ক্রীড়া পরিষদ হতে প্রেরিত ০২/০১/২০২২ তারিখে স্বাক্ষরিত ৩৮.০৩.০০০০.০০২.৪৪.১২২.২১-৩/১ নং স্মারক মূলে জানানো হয়েছে যে, জাতীয় ক্রীড়া পরিষদের ২১তম বার্ষিক সাধারণ সভায় বিভাগ / জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার ক্রীড়া উন্নয়ন বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: **'বিভাগ/ জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতিগণ বার্ষিক উন্নয়ন কর্মসুচির বরাদ্দকৃত সরকারি নীতিমালার ধার্য্য ৫% অর্থ ক্রীড়া উন্নয়ন খাতে ব্যয় করেন সে মর্মে কার্যকরি ব্যবস্থা নেয়া হবে।'** | বিভাগ / জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থারবিভাগ / জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার উন্নয়নে জাতীয় ক্রীড়া পরিষদের বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন <u>এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (মে:/২২-জুন/২২):**<br>-ধর্মতলা হাট হতে জংগল ইউপি অফিস সড়কের চেইনেজ ০১ মি. অবস্থিত জরাজীর্ণ সেতু ভাঙ্গা অপসারণ (অপ্রত্যাশিত খাত ) কাজ বাবদ মেসার্স-১,৩৮,৪২৩/- টাকা<br>-উপজেলা পারষদের মে/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ মোঃ সলেমান, দপ্তরীকে বিল পরিশোধ-৩০,০০০/- টাকা<br>- বালিয়াকান্দি উপজেলা ভূমি অফিসের গ্যারেজ নির্মাণ কাজের বিল বাবদ মেসার্স সাদি এন্টারপ্রাইজ, বালিয়াকান্দিকে পরিশোধ-১,৮২,১৮৫/- টাকা<br>-উপজেলা পরিষদের পানির পাম্প পরিচালনা করায় মোঃ আশরাফুল শেখ, বালিয়াকান্দিকে ভাতা প্রদান-৬,০০০/- টাকা<br>-এপ্রিল/২০২২ মাসের ইন্টারনেট বিল উত্তোলন বাবদ-৩,৪০০/- টাকা<br>-এপ্রিল/২০২২ মাসের আনুষংগিক বিল বাবদ-৫,০০০/- টাকা<br>-জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল বাবদ-১২,০৬০/- টাকা<br>-মালীর এপ্রিল/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর এপ্রিল/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>- জীপগাড়ীর ৪টি টায়ার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজের বিল বাবদ মোঃ বাবুল, প্রোঃ বাবুল অটোমোবাইলস, ঢাকাকে বিল পরিশোধ-৩,৫৯,৫০০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের মে/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>- জীপগাড়ীর টায়ার ও অন্যান্য মালামাল ক্রয়ের জন্য কোটেশন বিজ্ঞপ্তি বাবদ দৈনিক মাতৃকণ্ঠ পত্রিকাকে বিল পরিশোধ-১৫,১৩৪/- টাকা<br>-উপজেলা পরিষদের মালীকে ২০২১-২০২২ অর্থ বছরেরর পারিশ্রমিকভাতা বাবদ পরিশোধ-১৬,৫০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীকে ২০২১-২০২২ অর্থ বছরেরর পারিশ্রমিকভাতা বাবদ পরিশোধ-১৬,৫০০/- টাকা<br>- ঘাষকাটা মেশিনের তেল ও মবিল এর বিল বাবদ- ২,১৬০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | -সভাকক্ষ, অডিটরিয়াম, পাম্পহাউজ এর বিদ্যুৎ বিল-৬৬,১৮৬/- টাকা<br>-মে/২০২২ মাসের ইন্টারনেট বিল উত্তোলন বাবদ-৩,৪০০/- টাকা<br>.-মে/২০২২ মাসের আনুষংগিক বিল বাবদ-৫,০০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা ((মে:/২২-জুন/২২):**<br>সাংগুড়া গ্রামীণ রাস্তার অসমাপ্ত ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের বিল বাবদ বিল প্রদান-২,০০,০০০/- টাকা<br>-নবাবপুর ইউনি/য়নের আনন্দ বাজার ঝাউডাংগী সড়ক (২২০ মি.) এইচবিবি দ্বারা উন্নয়ন (২) রামদিয়া বাজার – রামদিয়া রেল ষ্টেশন সড়ক ( চেঃ ৫০০মি.-৭২৮ মি,) এইচবিবি দ্বারা উন্নয়ন-২,০০,০০০/-<br>-পানি নিষ্কাশনের জন্য উপজেলার বিভিন্ন রাস্তার ও খালের উপর ৬০০ মি. ডায়া পাইপ সরবরাহ (ইসলামপুর, নবাবপুর, নারুয়া)-২,০০,০০০/- টাকা<br>-বহরপুর ইউনিয়নের নতুনচর পাকালিয়া সড়ক (১৬৫ মি.) এইচবিবি দ্বারা উন্নয়ন, (২) জামালপুর ইউনিয়নের রহমতপুর পাকা সড়ক, কোমরদিয়া পাকাসড়ক (২২০ মি.) এইচবিবি দ্বারা উন্নয়ন কাজের বিল-১১,৯৬,৫৮১/- টাকা<br>-রামদিয়া বাজারে সিসি রাস্তা নির্মাণ কাজের বিল-৫,৬৬,২৬৪/- টাকা<br>- উপজেলার মাধ্যমিক পর্যায়ে শীতকালীন ও গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন বাবদ-৫০,০০০/- টাকা।<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা ((মে:/২২-জুন/২২):**<br>- চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (মে:/২২-জুন/২২):**<br>-(১) নবাবপুর ইউনিয়নের পদমদী নিকারিপাড়া হতে খাসকান্দি সড়কের সিদ্দিকের পুকুরের নিকট ৬০০ মি.মি. পাইপ কালভার্ট স্থাপন, (২) নবাবপুর ইউপি পদমদী নিকারিপাড়া হতে খাসকান্দি সড়কের পাকার মাথায় ৯০০ মি. মি. ডায়া পাইপ কালভার্ট. স্থাপন,.(৩) নবাবপুর ইউপি উপজেলা চেয়ারম্যানের পুকুর সংলগ্ন খালে ৯০০ মি. মি. ডায়া পাইপের কালভার্ট স্থাপন, (৪) নবাবপুর ইউপি মেচুয়াঘাটা খালে শাখের বাড়ীর নিকট ৯০০ মি. মি. ডায়া পাইপ কালভার্ট স্থাপন, (৫) নবাবপুর ইউপি বকশিবাড়ী খালে নুরুল ইসলামের বাড়ীর নিকট ৯০০ মি. মি. ডায়া পাইপ কালভারট স্থাপন কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ – ৪,১০,৭৪৭/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেস সিলিন্ডার সরবরাহ কাজের ১ম ও চূড়ান্ত প্রদান ৩,৬৩,৫৫০/- টাকা<br>-০.৫০% অফিস আনুসঙ্গিক ব্যয় পরিশোধ বাবদ-৫৩,০৫০/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলাধীন টাকা পোড়া গ্রামে চুন্ন মিয়ার বাড়ীর নিকট স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন, (২)ইকরচর মসজিদের স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন, (৩) কতুরাকান্দি হাফিজিয়া মাদ্রাসার স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন, (৪) রাজধরপুর বাজারে স্যানিটারী ল্যাট্রিন ও টিউবয়েল স্থাপন কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ বাবাদ-১৭,১২,০৬৯/- টাকা<br>-নবাবপুর ইউনিয়নের চরদক্ষীণবাড়ী সড়কের শ্যামা মেম্বারে বাড়ী হতে চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত ১৩৫ মি: প্যালাসাইডিং স্থাপন কাজের বিল-৭,৫৯,৭৮৫/- টাকা<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (মে:/২২-জুন/২২):**<br>-বাংলা ১৪২৮ সনের বিপরীতে আড়কান্দি হাটের ৫% জামানত ফেরত-২৬,০৬১/- টা.<br>-বাংলা ১৪২৮ সনের বিপরীতে নারুয়া হাটের ৫% জামানত ফেরত-৮,০৭৫/- টা. | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন। এছাড়া তিনি আরো জানান যে, আনসার ও ভিডিপি সংগঠনের স্বার্থে আনসার ও ভিডিপি কার্যালয় প্রাঙ্গনে সুবিধামত জায়গায় ০১টি টিন সেড, ০১(এক) টি টিউবয়েলসহ সৌচাগার স্থাপনের জন্য বিনীত অনুরোধ করেছেন।বিষয়টি নিয়ে সভায় আলোচনা করেন। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয় । | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান ডাক্তার স্বল্পতার মধ্যে দিয়েই হাসপাতালের চিকিৎসাসেবা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এছাড়া সেন্ট্রাল অক্সিজেন কার্যক্রম চলমান রয়েছে। প্রসংগক্রমে জানান যে, প্রয়োজনের তুলনায় খুবই স্বল্প সংখ্যক ডাক্তার দিয়ে হাসপাতাল পরিচালনা করা হচ্ছে। আরো জানান যে, লোডশেডিংয়ের সময় পানি সাপ্লাই এর সমস্যাসহ হাসপাতালের | স্বাস্থ্যসেবা প্রদানের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবেশ নোংরা হয়ে যায় এবং ০১(এক) ফেজ বিদ্যুতের কারণে সমস্যা হচ্ছে। এছাড়া এক্সরে মেশিন থাকলেও লোকের অভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে না। | | |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় খামারিগণ আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষ্যে কোরবানিযোগ্য প্রায় ১১,৮৩৫টি গবাদিপশু লালন পালন করেছেন যা অত্র উপজেলার কোরবানির চাহিদা মিটাতে সক্ষম। তাছাড়া বর্তমান মাসে ৩০ জন মাংস ব্যবসায়িকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। কোরবানির পশুর চামড়া সঠিকভাবে লবণ দিয়ে সংরক্ষণের জন্য এবং কোরবানির বর্জ্য অপসারনে জনগণকে সচেতন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয় পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করেন। | পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে মেডিকেল টিম গঠনপূর্বক মাঠ পর্যায়ে তদারকির জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান পুকুর/জলাশয় যে সকল মৎস্য চাষীদের পুকুর অতিবৃষ্টিতে/ স্বাভাবিক বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছ। তাদের পুকুরের বড় মাছ বিক্রি করে ফেলার পরামর্শ দেয়া হয়। প্রয়োজনে বড় নেট ক্রয় করে রাখতে হবে। নদ-নদী, খাল-বিলের পানি বৃদ্ধি শুরু হতে না হতে কিছু অসাধু জেলেরা সুতি জাল(বোধা জাল), বাঁধ নির্মাণসহ অবৈধ জাল ব্যবহারে তৎপর হয়েছে। তাদেরকে সতর্ক করা হচ্ছে, তথ্যের জন্য স্থানীয় চেয়ারম্যানদের সহযোগীতা চাওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন। চায়না দোয়ারীর বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়। প্রসংগক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, আলোচনা ব্যতিত অপরিকল্পিতভাবে খালখনন বা কালভার্ট স্থাপন জনগণের অপকার ছাড়া উপকার হচ্ছে না বিধায় বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়। | খালখনন প্রকল্প গ্রহণের পূর্বে উপজেলা পরিষদে আলোচনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৬,০৫৩ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৩৫,২৩৪ জন এবং গ্রহণকারীর হার ৭৬.৫১%। স্থায়ী পদ্ধতি পুরুষের সংখ্যা- নাই, স্থায়ী পদ্ধতি মহিলার সংখ্যা-১৯জন, আইইউডি-২২ জন, ইমপ্লান্ট-৪৯জন, নবদম্পতির সংখ্যা-৪৭ জন। নরমাল ডেলিভারী সংখ্যা-১২জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আগামীকাল থেকে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকবে এবং ১৬ ই জুলাই থেকে সকল প্রাইমারী স্কুল পুনরায় চালু হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বজায় রাখার নিমিত্ত সকল পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সিভিল কার্যালয় হতে ছাত্র-ছাত্রীদের জন্য আয়রণ ট্যাবলেট দেওয়া হয়েছে। প্রতি সপ্তাহে ০১টা করে খাওয়ানো হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শিক্ষার মান বজায় রাখার নিমিত্ত সকল পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি খাতে ১ম হতে ৪র্থ কিস্তি পর্যন্ত মোট ৮২.৬০ লক্ষ টাকা ও বিশেষ কিস্তির ২০ লক্ষ টাকাসহ মোট ১০২.৬০ লক্ষ টাকা এবং কোভিড-১৯ খাতে ৩.৬৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে এডিপি'র এবং কোভিড/১৯ খাতের অর্থ দ্বারা গৃহীত ২২টি প্রকল্প সম্পন্ন হওয়ায় উক্ত প্রকল্পসমূহের বিপরীতে ৮০,৫৭,০৯৩/- টাকার বিল পরিশোধ করা হয়েছে এবং অবশিষ্ট অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পের কাজ চলমান রয়েছে। যা জুন/২০২২ এর মধ্যে সমাপ্ত হবে আশাবাদ ব্যক্ত করেন। এ পর্যায়ে কোভিড-১৯ খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে সিলিন্ডার সরবরাহের জন্য অনেকেই মতামত ব্যক্ত করেন। | অবশিষ্ট অর্থে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম জুন মাসের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মতামত ব্যক্ত করেন। | | |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিধবা ও বয়স্ক ভাতাভোগীদের ৯৯% টাকা সবার মোবাইলে প্রদান করা হয়েছে। ঈদের আগেই ২য় কিস্তির টাকা পেয়ে যাবে। যাদের মোবাইল নাম্বার ভূল অথবা লক অবস্থায় আছে এ ধরনের দাবীদারকে অফিসে এসে সমাধান করার জন্য জানানো হয়েছে । প্রসংগক্রমে অনেকভাতা গ্রহিতা বিভিন্ন হয়রানির শিকার হচ্ছেন মর্মে সকল ইউপি চেয়ারম্যান অভিযোগ তুলে বিস্তারিত আলোচনা করেন। | যে সকল ভাতাভোগী বিভিন্ন সমস্যার কারনে ভাতা পাচ্ছেন না তাদেরকে চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ৩৯.৭৪ লক্ষ, ঋণ আদায় ৪৩.১২ লক্ষ, শেয়ার আদায় ০.৫০ লক্ষ এবং সঞ্চয় আদায় ২.৫৩ লক্ষ টাকা। এছাড়া ঋণ বিতরণ ও আদায় ভালভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | আদায়ের লক্ষ্যমাত্রা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, আত্মকর্মস্থান সৃষ্টির লক্ষ্যে ১৪ জনকে ১৫,০০০/- টাকা হারে সর্বমোট ২,১০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২টি ট্রেডে ১০০ জনের বাছাই কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৩টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। | সমিতির সদস্যদের ভাগ্য উন্নয়নের লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে জাইকার মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্ত সকল প্রশিক্ষণার্থীকে সনদ বিতরণ করা হবে। এছাড়া আরো জানান যে, রাজবাড়ী যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ নিয়ে বিদেশে যাওয়ার সুযোগ রয়েছে মর্মে সভায় আলোচনা করেন। বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান, যুব ও যুব মহিলার মধ্যে ঋণ বিতরণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | যুব ও যুব মহিলাদের আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের আওতায় গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওয়ায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ের বরাদ্দকৃত অর্থ দ্বারা ইতোমধ্যে গৃহীত সকল প্রকল্পের কার্যক্রম ১০০% যথাযথভাবে সম্পন্ন হয়েছে। ৪র্থ কিস্তির বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে । গৃহীত কার্যক্রম চলতি অর্থ বছরের মধ্যেই সমাপ্ত হবে আশা রাখেন। । দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলতি অর্থ বছরের মধ্যেই গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, কমিউনিটি ফেস ১৮টি নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)) | ১। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটটর সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর গিয়ে তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২০ | বিবিধ | এ পর্যায়ে বালিয়াকান্দি উপজেলাধীন ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বিষয় উল্লেখ করেন এবং তা খুব দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| | | ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী সভা শুরুতেই বিভিন্ন বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমের ভিত্তিতে গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে পরিষদের উন্নয়নের লক্ষ্যে এডিপি/রাজস্ব/উন্নয়ন তহবিলের গৃহীত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ সঠিকভাবে সম্পনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ২)উপজেলা পরিষদের উন্নয়নের স্বার্থে সংশ্লিষ্ট বিভাগের গৃহীত প্রকল্প এবং অন্যান্য কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সকল কর্মকর্তাবৃন্দ |
| | | ৩। তিনি আরো জানান যে, গত ৪০তম উপজেলা মাসিক সমন্বয় সভায় অনুমোদিত প্রকল্প তালিকার '১০% হাট-বাজার উন্নয়ন' খাতের নিম্নে বর্ণিত প্রকল্প ০৫টি বাস্তবায়নের প্রক্রিয়া নিয়ে সভায় আলোচনা করা হয়:<br>ক) নারুয়া বাজারে আরসিসি রাস্তা নির্মাণ -৬,৪৫,৯৭৪/- টাকা<br>খ) সমাধিনগর বাজারে মৎস্য সেনড নির্মাণ-৭,০০,০০০/- টাকা<br>গ) বেতেঙ্গা কালী বাড়ী বাজারে লেট্রিন নির্মান-৫,০০,০০০/- টাকা<br>ঘ) বেরুলী বাজারে মৎস্য সেড নির্মাণ- ৭,০০,০০০/- টাকা<br>ঙ) সোনাপুর বাজারে লেট্রিন নির্মাণ -৬,০০,০০০/- টাকা. | ৩) প্রকল্প ০৫টি বাস্তবায়ন পদ্ধতি গত সভার মন্তব্য কলামে উল্লেখিত 'দরপত্র' শব্দের পরিবর্তে 'দরপত্র/কোটেশন' শব্দ প্রতিস্থাপিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | ৪। প্রসংগক্রমে, তিনি উল্লেখ করেন যে, বিশেষ করে উপজেলা পরিষদের আওতাভুক্ত দোকানপাঠসমূহ (প্যাভিলিয়ান মার্কেট, মহিলা মার্কেট ও পুরাতন কোর্ট বিল্ডিং) শুরু থেকে একই ভাড়া নির্ধারনপূর্বক আদায় করা হচ্ছে। তথাপি লীজ গ্রহিতাগণকে নোটিশ দেওয়া সত্ত্বেও অধিকাংশ লীজ গ্রহিতা সঠিকভাবে ভাড়া পরিশোধ করছেন না। এপর্যায়ে আলোচনায় অংশ নিয়ে অনেকেই জানান যে, বর্তমানে নিত্য প্রয়োজনীয় সকল দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পেয়েছে বিধায় দীর্ঘদিন যাবৎ একই ভাড়ায় সংশ্লিষ্ট দোকানসমূহের ভাড়া আদায় মোটেও গ্রহণযোগ্য নয়। জরুরী ভিত্তিতে বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে ভাড়া নির্ধারণ করা একান্ত প্রয়োজন মর্মে মতামত প্রকাশ করেন। অডিট আপত্তিতে এতদসংক্রান্ত ভাড়া বৃদ্ধির বিষয়টি নিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়া মেয়াদোত্তীর্ণ চুক্তিপত্র বাতিল করে দরপত্র আহবানের মাধ্যমে পুনরায় বরাদ্দ প্রদানের জন্য উল্লেখ করা হয়েছে। | ৪। উপজেলা পরিষদের সংশ্লিষ্ট দোকান লীজ গ্রহিতাদের নিকট হতে বকেয়া ভাড়া আদায়, বর্তমান বাজার অনুযায়ী ভাড়া বৃদ্ধি এবং মেয়াদোত্তীর্ণ লীজ গ্রহিতাদের লীজ বাতিলসহ পুনরায় দরপত্র আহবানের মাধ্যমে দোকানসমূহ ভাড়া প্রদানের জন্য জরুরী ভিত্তিতে বাসাবাড়ী/দোকান বরাদ্দ কমিটির সভা আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দি |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৬/২০২২

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-২৮৭ (০২)

তারিখ: ২৬ জুন ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা .........................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান .......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

২৬/৬/২২

আম্বিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

## উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি,.রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা:মোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা: মোহাম্মদ হক | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ জাহিদুজ্জামান এর পক্ষে | জনাব মর্জিনা খাতুন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মর্জিনা বেগম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

## অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | বন কর্মকর্তা, বালিয়াকান্দি |